



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

(প্রাইজবন্ড, সঞ্চয়পত্র ও সঞ্চয়বন্ড শাখা)

সার্কুলার লেটার নং-ডিএমডি- ০১/২০১৫

তারিখঃ ২৫/০৫/২০১৫

নির্বাহী পরিচালক/ মহাব্যবস্থাপক

বাংলাদেশ ব্যাংক

মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম/ খুলনা/ রাজশাহী/বগুড়া/ সিলেট/ বরিশাল/ রংপুর/ ময়মনসিংহ/ সদরঘাট, ঢাকা।

প্রিয় মহোদয়,

সঞ্চয় প্রকল্পসমূহের মুনাফার হার পুনর্নির্ধারণ প্রসঙ্গে।

শীর্ষক বিষয়ে অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সঞ্চয় শাখার ২৩/০৫/২০১৫ তারিখের ০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭ (অংশ)/১৪৫ নং প্রজ্ঞাপনটি আপনাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এবং আপনাদের আওতাধীন তফসিলী ব্যাংকসমূহকে অবহিত করার জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(বিষ্ণু পদ সাহা)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০১৩১

ই-মেইল: bishnu.saha@bb.org.bd

একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
সঞ্চয় শাখা
www.ird.gov.bd

নং: ০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭ (অংশ)/১৪৫

তারিখ: ০৯ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ
২৩ মে, ২০১৫ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

সরকার জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত নিম্নলিখিত সঞ্চয়পত্রসমূহের পার্শ্বে উল্লিখিত মুনাফার হার পুনর্নির্ধারণ করিলঃ

ক্রঃ নং	সঞ্চয়পত্রসমূহের নাম	বিদ্যমান মুনাফার হার	পুনর্নির্ধারিত মুনাফার হার
১.	পরিবার সঞ্চয়পত্র (০৫ বছর মেয়াদি)	১৩.৪৫%	১১.৫২%
২.	পেনশনার সঞ্চয়পত্র (০৫ বছর মেয়াদি)	১৩.১৯%	১১.৭৬%
৩.	ডাকঘর সঞ্চয় ব্যাংক মেয়াদি হিসাব (০৩ বছর মেয়াদি)	১৩.২৪%	১১.২৮%
৪.	০৫ বছর মেয়াদি বাংলাদেশ সঞ্চয়পত্র	১৩.১৯%	১১.২৮%
৫.	০৩-মাস অন্তর মুনাফা ভিত্তিক সঞ্চয়পত্র (০৩ বছর মেয়াদি)	১২.৫৯%	১১.০৪%

০২। ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ডের (০৫ বছর মেয়াদি) ক্ষেত্রে সামাজিক নিরাপত্তা প্রিমিয়াম সমন্বয়পূর্বক মুনাফার হার ১২%-এ নির্ধারণ করা হইল। ফলশ্রুতিতে ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ডের সুদের হার অপরিবর্তিত থাকিবে ;

০৩। সঞ্চয়পত্রের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তনের বিধান বহাল থাকিবে ;

০৪। সামাজিক নিরাপত্তা প্রিমিয়াম প্রদানের বিদ্যমান সুবিধা বাতিল করা হইল ;

০৫। হিসাবের সুবিধার্থে মাসিক/০৩ মাস/০৩ বছর (মেয়াদান্তে)/০৫ বছর (মেয়াদান্তে) মেয়াদি সঞ্চয়পত্রসমূহের মুনাফার পরিমাণ ৫ (পাঁচ) গুণিতক সংখ্যায় নির্ধারণ করা হইল ;

০৬। এই আদেশ প্রজ্ঞাপন জারির তারিখ হইতে কার্যকর হইবে। এই প্রজ্ঞাপন জারির তারিখের পূর্বে ক্রয়কৃত সকল সঞ্চয়পত্রের ক্ষেত্রে ক্রয়কালীন সময়ে প্রযোজ্য হারে মুনাফা প্রদেয় হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-

তারিখঃ ২৩.০৫.২০১৫

(মোঃ নজিবুর রহমান)

সচিব

চলমান পাতা-২


-: ০২ :-

নং: ০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭ (অংশ)/১৪৫/ ২ (১২)

তারিখ: ০৯ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ
২৩ মে, ২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, ডাক ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মহা-পরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ, ডাক অধিদপ্তর, ঢাকা।
৯. মহা-পরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ টাওয়ার (১৮ তলা), পুরানা পল্টন, ঢাকা।
১০. মহা-ব্যবস্থাপক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. উপ-পরিচালক, ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা {পরবর্তী সরকারি অতিরিক্ত গেজেটে ১০০০ (এক হাজার) কপি প্রকাশ এবং অভ্যন্তরীণ সম্পদ বিভাগে সরবরাহের জন্য অনুরোধসহ}।
১২. অফিস কপি/গার্ড ফাইল।


(মোঃ আব্দুল জব্বার)

সহকারী সচিব

ফোনঃ +৮৮০২-৯৫৪০২১৬

e mail: